



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১ ডিসেম্বর, ২০১৯

প্রেসবিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে আজ ১ ডিসেম্বর শাহজালাল ইউনিভার্সিটি স্কুল কতৃক আয়োজিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২০১৯ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, স্কুলের সার্বিক উন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সদা তৎপর। ইতোমধ্যে স্কুলের জন্য ৪ তলা একাডেমিক ভবন নির্মাণের কাজ হাতে নেয়া হয়েছে। উন্নয়ন কর্মকাণ্ডের পাশাপাশি গুণগত মানসম্পন্ন শিক্ষার্থী তৈরি করতে কুইজ প্রতিযোগিতার মত আয়োজন শিক্ষার্থীদের জ্ঞানের পিপাসা বৃদ্ধি করবে।

আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডিন প্রফেসর ড. মোহাম্মদ বেলাল উদ্দিন, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. ইফতেখার আহমেদ, সহযোগী অধ্যাপক ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ইঞ্জি.সৈয়দ মিছবাহ উদ্দিন, ইঞ্জি. রবিউল ইসলাম, নিরাপত্তা কর্মকর্তা সাইফুল ইসলাম, ইউনিভার্সিটি স্কুলের সিনিয়র শিক্ষিকা ফরিদা ইয়াসমিন,।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি প্রফেসর ড. মুশতাক আহমদ এবং পরিচালনা করেন স্কুলের প্রধান শিক্ষক প্রফেসর আতাউর রহমান।

উল্লেখ্য সিলেট শহরের মোট ১৩ টি স্কুলের বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা ২০১৯ অনুষ্ঠিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার